

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্ল
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: লাইলাতুল কদর, তাহাজ্জুদ, তারাবীহ ও এতেকাফ

তারাবির সালাতকে "কিয়ামুল লাইল" বলা হয়। অর্থাৎ রাতে দাঁড়িয়ে সালাত আদায় করা।

লাইলাতুল কদর

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ

১. নিঃসন্দেহে আমি কুরআন অবতীর্ণ করেছি, কদরের রাতে. (সূরা কদর-১)

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ مُبْرَكَةٍ

২. নিশ্চয়ই আমি কোরআন অবতীর্ণ করেছি একটি মহিমান্বিত রাতে (সূরা দুখান-৩)

৩. বুখারী-১৯০১, ২০০৮; মুসলিম-৭৬০; রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬২

হযরত আবু হুরায়রা (রা:) থেকে বর্ণিত। নবী করীম (স:) বলেছেন, যে ব্যক্তি ঈমানের সাথে ও পুন্য হাসিলের আশায় কদরের রাতে কিয়াম করে তার অতীতের সব পাপ মাফ করে দেয়া হয়।

৪. বুখারী-২০১৫, মুসলিম-১১৬৫, রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬৩।

হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রা:) থেকে বর্ণিত। নবী করীম (স:) এর সাহাবাগনের মধ্য হতে কয়েকজনকে রমজানের শেষ সাত রাতে স্বপ্নের মাধ্যমে লাইলাতুল কদর দেখানো হয়। ফলে রাসূল (স:) বলেন, তোমাদের স্বপ্নে শেষ সাত রাতের ব্যাপারে ঐক্যমত সাধিত হয়েছে। অতএব যে ব্যক্তি লাইলাতুল কদর খুঁজতে চায় তার এ শেষ সাত রাতের মধ্যে খোঁজা উচিত।

৫. বুখারী-২০২০, মুসলিম-১১৬৯; তিরমিজি-৭৯২; আহমদ-২৩৭১৩, ২৩৭৭১, ২৩৯২৪, ২৫১৬২; রিয়াদুস সালাহীন ৩য় খণ্ড পৃষ্ঠা ১৬৪।

হযরত আয়েশা সিদ্দিকা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেন, রমজানের শেষ ১০ দিন আরম্ভ হলে রাসূল (স:) (আল্লাহর ইবাদত) খুব বেশি সাধনা ও পরিশ্রম করেছেন।

৬. তিরমিজি-৩৫১৩, সহীহ আল জামি-৪৪২৩, মিশকাত-২০৯১; রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬৪

হযরত আয়েশা সিদ্দিকা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বলেছিলাম ইয়া রাসূলুল্লাহ। আমি যদি জানতে পারি কোন রাতটি কদরের রাত, তাহলে আমি তাতে কি বলবো? উত্তরে বললেন: তুমি বলবে "আল্লাহু ইনাকা আফুউন তুহিব্বুল আফওয়া ফা'ফু আন নি।" হে আল্লাহ তুমি অবশ্যই ক্ষমাশীল, তুমি ক্ষমা করা ভালোবাসা, অতএব আমাকে ক্ষমা করো।

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

তাহাজ্জুদ

وَمِنَ اللَّيْلِ فَتَهَجَّدْ بِهِ نَافِلَةً لَّكَ عَسَىٰ أَن يَبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُودًا

১. রাতের একটি অংশে তাহাজ্জুদের সালাত কায়েম করো। তা তোমার জন্য হবে অতিরিক্ত। আশা করা যায়, তোমার প্রভু তোমাকে মাকামে মুহাম্মদ (প্রশংসিত স্থান) স্থান দেবেন। (সূরা বনি ইসরাইল-৭৯)

تَتَجَافَىٰ جُنُوبَهُمْ عَنِ الْمَضَاجِعِ

২. তাদের পিঠ বিছানা থেকে পৃথক হয়ে থাকে। (সূরা আস সাজদা-১৬)

كَانُوا قَلِيلًا مِّنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ

৩. তারা রাতে খুব কমই শয়ন করে। (সূরা জারিয়াত-১৭)

১. বুখারী-৪৮৩৭, মুসলিম ২৮১৯, রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৫০

হজরত আয়েশা সিদ্দিকা (রা:) বলেন: নবী করীম (স:) রাতভর সালাতে এত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে পবিত্র কোরআন পাঠ করেছেন যার ফলে তার পা মুবারক দুটো ফেটে গিয়েছিল। আমি তাকে বলেছিলাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি কেন এত কষ্ট করেন? আপনার তো আগের পিছের সব ক্রটি-বিচ্যুতি মাফ করে দিয়েছেন। উত্তরে তিনি বলেন: (তুমি কি বলো) তাহলে আমি আল্লাহর কৃতজ্ঞ দাস হব না।

২. বুখারী-১১২৭, মুসলিম-৭৭৫; রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৫০

হযরত আলী (রা:) থেকে বর্ণিত। নবী করীম (স:) তার কন্যা ফাতিমার কাছে রাতে এসে বললেন: তোমরা কি রাতের সালাত (অর্থাৎ তাহাজ্জুদ) পড়ো না?

৩. বুখারী-১১২২, মুসলিম-২৪৭৯; রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৫০

হযরত সালিম ইবনে আব্দুল্লাহ ইবনে ওমর ইবনুল খাত্তাব (রা:) থেকে বর্ণিত। তিনি তার পিতা আব্দুল্লাহ থেকে বর্ণনা করেছেন, নবী করীম (স:) বলেছেন, আব্দুল্লাহ বড়ো ভালো হতো যদি রাতে সালাত কায়েম করতে। সালিম (র:) বলেন: এরপর থেকে আব্দুল্লাহ (রা:) রাতে সামান্যক্ষণ ব্যাতিত রাতে আর শয়ন করেন নি।

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>

তারাবীর সালাত

১. বুখারী-৩৭,২০০৯; মুসলিম-৭৫৯, রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬১

হযরত আবু হুরায়রা (রা:) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (স:) বলেছেন, সে ব্যক্তি ঈমানের সাথে ও পুন্য হাসিলের আশায় রমজানে কিয়াম করে (তারাবীহ) তার পূর্বপতি সব পাপ মাফ করে দেয়া হয়।

২. মুসলিম-৭৫৯, রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬১

হযরত আবু হুরায়রা (রা:) থেকে আরও বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ (স:) রমজানে কিয়াম করার (তারাবীহ কায়েম করার) ব্যাপারে কেবল উৎসাহিত করতেন, কিন্তু এ ব্যাপারে তাকিদ সহকারে নির্দেশ প্রদান করেন নি। (যাতে করে এটা ফরজ হয়ে যায়)। তাই তিনি বলেছেন: যে কেউ ঈমান সহকারে পুণ্য অর্জনের উদ্দেশ্যে রমজানে কিয়াম করে তার পূর্বপতি সব পাপ মাফ করে দেয়া হবে।

এতেকাফ

১. বুখারী-২০২০, মুসলিম-১১৬৯, তিরমিযী-৭৯২; রিয়াদুস সালাহীন ৩য় খন্ড পৃষ্ঠা ১৬৩

হজরত আয়েশা (রা:) থেকে বর্ণিত। তিনি বলেছেন, রাসূলুল্লাহ (সা:) রমজানের শেষ ১০ দিনে এতেকাফ করেছেন এবং বলেছেন: রমজানের শেষ দশ রাতে লাইলাতুল কদরের অনুসন্ধান করো।

আল্লাহ আমাদেরকে সঠিক ভাবে রমজান মাসে সওম কিয়ামুল লাইল, এতেকাফ ও বেশি বেশি ইস্তেগফার করার তৌফিক দান করুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ

Click here: <http://www.morningbrightness.fi/>

Click here: <https://www.youtube.com/@morningbrightness603>